



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৮৯

তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে মহানগর ও জেলা পর্যায়ের বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৩.১৭.৬৪৭; তারিখ: ১৪ নভেম্বর ২০২১
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৮০; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের (মহানগর ও জেলা পর্যায়ের) শিক্ষার্থী ভর্তি বিষয়ে ইতোমধ্যে ২নং সূত্রের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে শূন্য আসনসহ অন্যান্য তথ্য আগামী ১৭/১১/২০২১ খ্রি. হতে ২২/১১/২০২১ খ্রি. পর্যন্ত টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় প্রবেশ করে প্রদান করতে হবে। বিষয়টি আপনার আওতাধীন মহানগর পর্যায়ের ক্ষেত্রে বিভাগীয় মেট্রোপলিটন এলাকা এবং জেলা পর্যায়ের ক্ষেত্রে জেলার সদর উপজেলার সকল বেসরকারি প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

স্বাক্ষরিত/-


প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক-১)]
- ২। জেলা প্রশাসক, সকল
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
[পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪। জেলা শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল [তথ্য প্রদানের অনুরোধসহ]
- ৭। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৮। সংরক্ষণ নথি


১৬.১১.২০২১

(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

☎ ০২-৪১০৫০২৮৩

dd-sec@dshe.gov.bd

